গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.২৮৮.২৫- ৫৫০ তারিখঃ ১৪.০৫.২০২৬ খ্রি.

**বিষয়: তদন্ত কর্মকর্তা নিয়োগ**

ডা. মো: এনামুল হক (১২২০৯৫), প্রভাষক (কমিউনিটি মেডিসিন বিভাগ), সিলেট এম, এ, জি ওসমানী মেডিকেল কলেজ-এর বিরুদ্ধে গত ২৮.০৮.২০২২ খ্রি. তারিখ হতে অননুমোদিত অনুপস্থিতির অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩(গ) মোতাবেক অসদাচরণ এবং পলায়ন এর দায়ে ১৬.০২.২০২৬ খ্রি. তারিখে ১৭১ নম্বর স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। লিখিত বক্তব্যে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ২২.০৪.২০২৬ খ্রি. তারিখে তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার পরবর্তী ধাপ হিসেবে উক্ত বিধিমালার বিধি ৭(২)(ঘ) এর আলোকে জনাব স্নেহাশীষ দাশ, উপসচিব (স্বাস্থ্য-৪ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ-কে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলো।

২. তদন্ত কর্মকর্তার কার্যপরিধি (TOR) হবে নিম্নরূপ:

(ক) সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর ৭ ও ১১ নং বিধির আলোকে তদন্ত কার্যক্রম সম্পাদন করতে হবে।

(খ) অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে কি না, সে বিষয়ে পৃথক ও স্পষ্ট মতামত প্রদান করতে হবে।

(গ) অভিযোগে বর্ণিত ঘটনার বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত দায়দায়িত্ব নির্ধারণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

**(শাকির ইকবাল)**
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০১০২৮
disc@hsd.gov.bd

বিতরণ:

১। জনাব স্নেহাশীষ দাশ, উপসচিব (স্বাস্থ্য-৪ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২। ডা. মো: এনামুল হক (১২২০৯৫), প্রভাষক (কমিউনিটি মেডিসিন বিভাগ), সিলেট এম, এ, জি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৪। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা

নং-৪৫.০০.০০০০.১২২.০২৭.১১১.২১- ৫৫২ তারিখঃ ১৪.০৫.২০২৬ খ্রি.

**বিষয়:** **তদন্ত কর্মকর্তা নিয়োগ**

ডা. এ.এস.এম. শামীম আল আজাদ (১০১২৮১৩), জুনিয়র কনসালটেন্ট, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ পাওয়া যায়। এ পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ১৪.০৮.২০২৩ খ্রি. তারিখে ৪৯৪ নম্বর স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়। তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। লিখিত বক্তব্যে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করলে গত ২২.০৪.২০২৬ খ্রি. তারিখে তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় বিভাগীয় মামলার পরবর্তী ধাপ হিসেবে উক্ত বিধিমালার বিধি ৭(২)(ঘ) এর আলোকে জনাব মো: রেজাউল ইসলাম, যুগ্মসচিব (জনস্বাস্থ্য অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ-কে নির্দেশক্রমে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হলো।

২. তদন্ত কর্মকর্তার কার্যপরিধি (TOR) হবে নিম্নরূপ:

(ক) সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপিল বিধিমালা, ২০১৮ এর ৭ ও ১১ নং বিধির আলোকে তদন্ত কার্যক্রম সম্পাদন করতে হবে।

(খ) অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে কি না, সে বিষয়ে পৃথক ও স্পষ্ট মতামত প্রদান করতে হবে।

(গ) অভিযোগে বর্ণিত ঘটনার বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত দায়দায়িত্ব নির্ধারণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

১৪।০৫।২৬

**(শাব্বির ইকবাল)**
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০১০২৮
disc@hsd.gov.bd

বিতরণ:

১। জনাব মো: রেজাউল ইসলাম, যুগ্মসচিব (জনস্বাস্থ্য অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। ডা. এ.এস.এম. শামীম আল আজাদ (১০১২৮১৩), জুনিয়র কনসালটেন্ট, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা

সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৪। অফিস কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
**www.hsd.gov.bd**

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.১২৪.২৩-৫৫২ তারিখঃ ১৪.০৫.২০২৬ খ্রি.

**বিষয়: ক্ষতিসাধন/আত্মসাৎকৃত সরকারি অর্থের পরিমাণ নির্ধারণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ডা. কৃষ্ণ কুমার পাল (৪২১৮৯), উপ-পরিচালক (সাময়িক বরখাস্ত), শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ ইতঃপূর্বে 'শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ ও ৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল স্থাপন' শীর্ষক প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত থাকাবস্থায় মেসার্স বেঙ্গল সায়েন্টিফিক এন্ড সার্জিক্যাল কোম্পানির সঙ্গে যোগসাজশে অসৎ উদ্দেশ্যে ক্ষমতার অপব্যবহার ও অপরাধমূলক বিশ্বাসভঙ্গের মাধ্যমে সরকারি অর্থ আত্মসাতের অভিপ্রায়ে মন্ত্রণালয়ের নির্দেশনা এবং পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ লঙ্ঘন করে সরকারি অর্থ ক্ষতিসাধন/আত্মসাৎ করার অভিযোগ পাওয়া যায়। এ অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) এর আলোকে অসদাচরণ ও দুর্নীতির দায়ে বিভাগীয় মামলা (নং-৪৪/২০২৩) রুজু করা হয়। উক্ত মামলায় বিভাগীয় তদন্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে। এ পরিপ্রেক্ষিতে তার মাধ্যমে ক্ষতিসাধন/আত্মসাৎকৃত অর্থের পরিমাণ নির্ণয়ের জন্য ১১.০৩.২০২৬ খ্রি. তারিখের ২৮৭ নং স্মারকে একটি প্রশাসনিক তদন্ত কমিটি গঠন করা হয়।

০২। গঠিত তদন্ত কমিটিতে জনাব মো: আবদুছ সালাম, যুগ্মসচিব (বাজেট-১ ও ২ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ পূর্বের তদন্ত কমিটিতে সংশ্লিষ্ট থাকায় তাঁর পরিবর্তে জনাব মোহাম্মদ সফিউল আলম, যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ-কে এবং ডা. মো: শেখ ছাদেক, উপসচিব (এইচআর-১ ও এইচআর-২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ বদলির আদেশাধীন হওয়ায় তাঁর পরিবর্তে জনাব মো: সাইফুল ইসলাম মজুমদার, সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ-১ ও ২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ-কে অন্তর্ভুক্ত করে তার ক্ষতিসাধন/আত্মসাৎকৃত সরকারি অর্থের পরিমাণ নির্ধারণের জন্য নিম্নরূপভাবে প্রশাসনিক তদন্ত কমিটি পুনঃরায় গঠন করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম, পদবি ও কর্মস্থল | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ সফিউল আলম<br>যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা)<br>স্বাস্থ্য সেবা বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | ডা. শেখ ইফতেখার রহমান<br>উপ-পরিচালক (অর্থ)<br>স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা | সদস্য |
| ৩. | জনাব মো: সাইফুল ইসলাম মজুমদার<br>সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ-১ ও ২ শাখা)<br>স্বাস্থ্য সেবা বিভাগ<br>স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য সচিব |

০৩। কমিটির কার্যপরিধি:

কমিটি অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক ক্ষতিসাধন/আত্মসাৎকৃত (যা তার নিকট থেকে আদায়যোগ্য) অর্থের পরিমাণ নিরূপণ করবে। আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

সংযুক্তঃ বর্ণনামতে


**(শাব্বির ইকবাল)**
যুগ্মসচিব
ফোনঃ ৫৫১০১০২৮
disc@hsd.gov.bd


<u>বিতরণ:</u>

১। জনাব মোহাম্মদ সফিউল আলম, যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। ডা. শেখ ইফতেখার রহমান, উপ-পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। জনাব মো: সাইফুল ইসলাম মজুমদার, সিনিয়র সহকারী সচিব (ক্রয় ও সংগ্রহ-১ ও ২ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

<u>অনুলিপি:</u>

১। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী (সদয় অবগতির জন্য)
২। পরিচালক, শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ
৩। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৪। ডা. কৃষ্ণ কুমার পাল (৪২১৮৯), উপ-পরিচালক (সাময়িক বরখাস্ত), শহীদ এম মনসুর আলী মেডিকেল কলেজ হাসপাতাল, সিরাজগঞ্জ
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। অফিস কপি